রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৬ সনের ২৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৪, ২০২৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৯৫—৫১৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৩৭—৬৬৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫০৫—৫৩৫ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩/০৫ মে ২০২৬

**বিষয়: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৩৭ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৮.৯৩-৫৫**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৩৭ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মুহাম্মদ আমিনুল ইসলামের বিরুদ্ধে আনীত জনাব আবদুল্লাহ আল আউয়াল নির্ঝরের সাথে জনৈক ফারিয়া ইসলাম তুলির বাল্যবিবাহ নিবন্ধন করার অভিযোগ, গত ০৪-০৬-২০২১ খ্রি. তারিখে এবং ০৯-০৬-২৪ খ্রি. তারিখে পরস্পর বিরোধী দুটি প্রত্যয়নপত্র ইস্যু করার অভিযোগসহ নিকাহ্ রেজিস্ট্রারের সহকারী নিয়োগ করতঃ তার হেফাজতে বালাম বহি রেখে অধিক্ষেত্রের বাইরে বিবাহ নিবন্ধন করানোর অভিযোগসমূহ তার স্বীকৃতির ভিত্তিতেতদন্তে প্রমাণিত হওয়ায় ও তদপ্রেক্ষিতে তাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলে তিনি অদ্যাবধি কোনো জবাব দাখিল না করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসাদাচরণের শামিল হওয়ায় জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

একই সাথে অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ্ রেজিস্ট্রার জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ঢাকা-কে নির্দেশ প্রদান করা হলো। মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ৬ বিধি অনুযায়ী শূন্য ঘোষিত উক্ত অধিক্ষেত্রে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার-কে অবহিত করা হলো।

**মোঃ আবদুল ওয়াহাব**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩/০৫ মে ২০২৬

**নং ৪৪.০০.০০০০.২২৫.০৪.০০১.২৬-৩৮**—আদিষ্ট হয়ে পুলিশ অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে নিম্নবর্ণিত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে নামের পার্শ্বে বর্ণিত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিলের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৭ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, বিপি নম্বর, ব্যাচ ও পদবি | থানার নাম, মামলা নং ও তারিখ |
|---|---|---|
| ১. | মোঃ মনিরুজ্জামান, বিপি-৭৪৯৯০১০০৫৩, বিসিএস ১৮তম ব্যাচ, সাবেক পুলিশ কমিশনার, আরপিএমপি, রংপুর | কোতয়ালী (আরপিএমপি) থানার মামলা নং-১২, তারিখ: ১৯-০৮-২০২৪ খ্রি. |
| ২. | উত্তম কুমার পাল, বিপি-৭৩০৩০২৭৮০২, বিসিএস ২২তম ব্যাচ, সাবেক অতিরিক্ত পুলিশ কমিশনার, আরপিএমপি, রংপুর | কোতয়ালী (আরপিএমপি) থানার মামলা নং-১৪, তারিখ: ২১-০৮-২০২৪ খ্রি. |
| ৩. | মোঃ আবু মারুফ হোসেন, বিপি-৭৯০৬১২৪৩৭৬, বিসিএস ২৫তম ব্যাচ, সাবেক ডিসি (ক্রাইম), আরপিএমপি, রংপুর | কোতয়ালী (আরপিএমপি) থানার মামলা নং-২৩, তারিখ: ২৫-০৮-২০২৪ খ্রি. |
| ৪. | মোঃ শাহজাহান, বিপি-৭৬০৬১২৫৯৮৩, বিসিএস ২৫তম ব্যাচ, সাবেক পুলিশ সুপার, রংপুর জেলা | কোতয়ালী (আরপিএমপি) থানার মামলা নং-২৭, তারিখ: ২৯-০৮-২০২৪ খ্রি. |
| | | কোতয়ালী (আরপিএমপি) থানার মামলা নং-১৩, তারিখ: ১৯-০৮-২০২৪ খ্রি. |

**নং ৪৪.০০.০০০০.২২৫.০৪.০০১০.২২-৪১**—আদিষ্ট হয়ে পুলিশ অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে নিম্নবর্ণিত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে নামের পার্শ্বে বর্ণিত মামলাসমূহের অভিযোগপত্র দাখিল ও বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৭ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো:

| **ক্রম** | কর্মকর্তার নাম, পদবি, ব্যাচ, বিপি নম্বর | থানার নাম, মামলা নং ও তারিখ |
|---|---|---|
| **০১** | মোহাম্মদ হারুন অর রশীদ বিপি-৭৪০১১১৯৭৫৩ বিসিএস ২০তম ব্যাচ, সাবেক ডিবি প্রধান, ডিএমপি, ঢাকা | যাত্রাবাড়ি থানার মামলা নং-০৬, তারিখ: ০১-০৯-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-০৩, তারিখ: ০১-০৯-২০২৪ খ্রি. |
| | | সূত্রাপুর থানার মামলা নং-০৩, তারিখ:২২-০৮-২০২৪ খ্রি. |
| | | সূত্রাপুর থানার মামলা নং-০১, তারিখ: ০১-০৯-২০২৪ খ্রি. |
| | | যাত্রাবাড়ি থানার মামলা নং-৪০, তারিখ: ৩০-০৮-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-৪৮, তারিখ: ২২-১১-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-৩১, তারিখ: ২২-০৯-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-৩৮, তারিখ: ২০-০৪-২০২৫ খ্রি. |
| | | খিলগাঁও (ডিএমপি) থানার মামলা নং-১৬, তারিখ: ০৯-৯-২০২৪ খ্রি. |
| | | যাত্রাবাড়ি (ডিএমপি) থানার মামলা নং-২২, তারিখ: ২৬-০৮-২০২৪ খ্রি. |
| | | রামপুরা (ডিএমপি) থানার মামলা নং-০৩, তারিখ: ০১-০৯-২০২৪ খ্রি. |
| | | মোহাম্মদপুর থানার মামলা নং-০৬, তারিখ: ০৩-০৯-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-১৫, তারিখ: ০৬-০২-২০২৫ খ্রি. |
| **০২** | সৈয়দ নুরুল ইসলাম বিপি-৭১০১১০৮১৮৮ বিসিএস ২০তম ব্যাচ সাবেক ডিআইজি, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ | সূত্রাপুর থানার মামলা নং-০১, তারিখ:০১-০৯-২০২৪ খ্রি. |

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি, ব্যাচ, বিপি নম্বর | থানার নাম, মামলা নং ও তারিখ |
|---|---|---|
| ০৩ | বিপ্লব কুমার সরকার<br>বিপি-৭২০৩১২২৫৯৬<br>বিসিএস ২১তম ব্যাচ, সাবেক অতিরিক্ত ডিআইজি<br>(যুগ্ম কমিশনার, ডিএমপি), ঢাকা | যাত্রাবাড়ি থানার মামলা নং-০৬, তারিখ: ০১-০৯-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-০৩, তারিখ: ০১-০৯-২০২৪ খ্রি. |
| | | সূত্রাপুর থানার মামলা নং-০৩, তারিখ:২২-০৮-২০২৪ খ্রি. |
| | | সূত্রাপুর থানার মামলা নং-০১, তারিখ: ০১-০৯-২০২৪ খ্রি. |
| | | যাত্রাবাড়ি থানার মামলা নং-৪০, তারিখ: ৩০-০৮-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-৪৮, তারিখ: ২২-১১-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-৩১, তারিখ: ২২-০৯-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-৩৮, তারিখ: ২০-০৪-২০২৫ খ্রি. |
| | | খিলগাঁও (ডিএমপি) থানার মামলা নং-১৬, তারিখ: ০৯-০৯-২০২৪ খ্রি. |
| | | যাত্রাবাড়ি (ডিএমপি) থানার মামলা নং-২২, তারিখ: ২৬-০৮-২০২৪ খ্রি. |
| | | রামপুরা (ডিএমপি) থানার মামলা নং-০৩, তারিখ: ০১-০৯-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-১৫, তারিখ: ০৬-০২-২০২৫ খ্রি. |
| ০৪ | এস এম মেহেদী হাসান<br>বিপি-৭২০৩০২৭৮০৮<br>বিসিএস ২২তম ব্যাচ<br>সাবেক যুগ্ম কমিশনার, দক্ষিণ ডিএমপি | যাত্রাবাড়ী (ডিএমপি) থানার মামলা নং-২২, তারিখ: ২৬-০৮-২৪ খ্রি. |
| ০৫ | মোঃ জসীম উদ্দীন মোল্লা<br>বিপি-৭৬০৫১০৪৫৫৮<br>বিসিএস ২৪তম ব্যাচ, সাবেক উপ-পুলিশ কমিশনার মিরপুর বিভাগ, ডিএমপি, ঢাকা | মিরপুর মডেল থানার মামলা নং-৩৮, তারিখ: ২০-০৪-২০২৫ খ্রি. |
| ০৬ | মোহাম্মদ ইকবাল হোসাইন,<br>বিপি-৮১০৮১২১৬৩৮<br>বিসিএস২৭তম ব্যাচ<br>সাবেক উপ-পুলিশ কমিশনার,<br>ওয়ারি বিভাগ,<br>ডিএমপি, ঢাকা। | যাত্রাবাড়ি থানার মামলা নং-০৬, তারিখ: ০১-০৯-২০২৪ খ্রি. |
| | | সূত্রাপুর থানার মামলা নং-০৩, তারিখ:২২-০৮-২০২৪ খ্রি. |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**
সিনিয়র সহকারী সচিব।

## শৃঙ্খলা-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখঃ ২১ বৈশাখ ১৪৩৩/০৪ মে ২০২৬

**নং ৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০১২.২৬.১৭৮**—যেহেতু, জনাব মোঃ হুমায়ুন কবির, পিএম (বিপি-৮৮১৬১৭৮৩৭১), অতিরিক্ত পুলিশ সুপার, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা-এর অনুকূলে তাঁর ০২ (দুই) সন্তানের তত্ত্বাবধানের জন্য স্কটল্যান্ড গমনের অনুমতিসহ ১৬-০৯-২০২৫ তারিখ অথবা ছুটি ভোগের তারিখ হতে ২১ (একুশ) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা হতে গত ১৮-০৯-২০২৫ তারিখে মঞ্জুর করা হয়। তিনি উক্ত বহিঃ বাংলাদেশ ছুটি ভোগ করার উদ্দেশ্যে গত ২০-০৯-২০২৫ তারিখ অপরাহ্ণে কর্মস্থল ত্যাগ করেন। নির্ধারিত ছুটি শেষে তিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ১১-১০-২০২৫ তারিখ হতে ০৪-১২-২০২৫ তারিখ পর্যন্ত ৫৫ (পঞ্চান্ন) দিন কর্মস্থলে গড়হাজির থাকেন এবং ০৪-১২-২০২৫ তারিখ অপরাহ্ণে কর্মস্থলে যোগদান করেন; এবং

০২। যেহেতু, উপর্যুক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসাধাচরণ'-এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নং ১২/২৬) রুজুপূর্বক ০১-০৪-২০২৬ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১২-০৪-২০২৬ তারিখে অভিযোগনামার জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন। সে পরিপ্রেক্ষিতে, ২৯-০৪-২০২৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

০৪। যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তা জানান যে, স্কটল্যান্ডে তাঁর ০২ (দুই) শিশু সন্তানের তত্ত্বাবধানসহ সন্তানদের প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি এবং উপযুক্ত আবাসনের ব্যবস্থা করার সুবিধার্থে বহিঃবাংলাদেশ ছুটির মেয়াদ ১১-১০-২০২৫ তারিখ হতে ১০-১২-২০২৫ তারিখ পর্যন্ত ৬০ (ষাট) দিন বৃদ্ধির জন্য তিনি ০৯-১০-২০২৫ তারিখে যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন/ই-মেইল করেন; এবং

০৫। যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে অভিযুক্ত/রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগনামার জবাব এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত " অসদাচরণ" -এর অভিযোগ প্রমাণিত হয়নি বিধায় তাঁকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

০৬। যেহেতু, জনাব মোঃ হুমায়ুন কবির, পিপিএম (বিপি-৮৮১৬১৭৮৩৭১), অতিরিক্ত পুলিশ সুপার, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা-কে ভবিষ্যতে সরকারি কর্তব্য পালনে আরো সতর্ক থাকার নির্দেশনা দিয়ে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (মামলা নং ১২/২৬) দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। গত ১১-১০-২০২৫ তারিখ হতে ০৪-১২-২০২৫ পর্যন্ত ৫৫ (পঞ্চান্ন) দিন কর্মস্থলে তাঁর অনুপস্থিতিকাল কর্মকাল হিসেবে গন্য করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১৫২.২৪.১৭৯**—যেহেতু, জনাব মিথুন সরকার (বিপি-৮৬১৪১৬৬৩২৬), অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস), সাতক্ষীরা গত ০৫-০৬-২০২১ হতে ০৩-০১-২০২৩ তারিখ পর্যন্ত বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহীতে কর্মরত থাকাবস্থায় গত ১০-০৯-২০২২ তারিখ নিজের নাম-পরিচয় গোপন করে জনাব আবদুছ ছালাম সরকার (বিপি-৬৬৮৯০৭৪৮৩৬), সহকারী পুলিশ সুপার (প্রশাসন), বিপিএ, সারদা এর নাম, পদবি ও মোবাইল নম্বর ব্যবহার করে জনাব মঞ্জুর-এ-খোদা (বিপি-৬৬৮৯০৩৮৪৪৬), অতিরিক্ত পুলিশ সুপার (এডমিন এন্ড লজিস্টিকস), বিপিএ, সারদা এর বিরুদ্ধে উদ্দেশ্য প্রণোদিতভাবে এসএ পরিবহন কুরিয়ার সার্ভিস, রাজশাহী শাখা হতে মেমো নং-৩৪১২৩৬ ও ৩৪১২৩৭ ও ৩৪১২৩৮ তারিখ: ১০-০৯-২০২২ মূলে ৩টি অভিযোগ যথাক্রমে (১) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর (২) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও (৩) প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করেন; এবং

০২। যেহেতু, উপর্যুক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নং-১৫২/২৪) রুজুপূর্বক ০২-০২-২০২৫ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০১-০৩-২০২৫ তারিখে অভিযোগনামার জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন। সে পরিপ্রেক্ষিতে, ২৭-০৮-২০২৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানিঅন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য ১০-০৯-২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৪। যেহেতু, তাঁকে ১২-০৩-২০২৬ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয় এবং তিনি ৩১-০৩-২০২৬ তারিখে ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন; এবং

০৫। যেহেতু, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, তদন্ত প্রতিবেদনে সাক্ষীগণের বক্তব্য, অভিযোগের গুরুত্ব এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় তাঁকে সতর্ক করে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

০৬। সেহেতু, জনাব মিথুন সরকার, (বিপি-৮৬১৪১৬৬৩২৬), অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস), সাতক্ষীরা-কে ভবিষ্যতে সরকারি কর্তব্য পালনে আরও সতর্ক থাকার নির্দেশনা দিয়ে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (মামলা নং ১৫২/২০২৪) দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩/০৪ মে ২০২৬

**নং ৪৪.০০.০০০০.০০০.২৩৫.০৪.০০১৮.২৬.১৮০**—যেহেতু, জনাব মো: হিপজুর আলম মুন্সী (বিপি-৭৪০২০৭২৬০২), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), গাইবান্ধা জেলা (রাজশাহী জেলার গোদাগাড়ী মডেল থানার সাবেক অফিসার ইনচার্জ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ক) ও ৩(খ) বিধি মোতাবেক যথাক্রমে "অদক্ষতা" ও "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) বিধি মোতাবেক তাঁকে '১ (এক) বছরের জন্য নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' সূচক গুরুদণ্ড প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা তাঁর ওপর আরোপিত দণ্ডাদেশ মওকুফের নিমিত্ত আপিল দায়ের করেন; এবং

০২। যেহেতু, আপিলকারীর আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপক্ষের দফাওয়ারী জবাব এবং প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় তাঁর ওপর আরোপিত দন্ড নির্ধারিত পদ্ধতি অনুসারে হয়েছে, অভিযোগের উপর প্রাপ্ত তথ্যাদি পর্যাপ্ত এবং আরোপিত দন্ড যথার্থ ও ন্যায়ানুগ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

০৩। সেহেতু, সার্বিক পর্যালোচনায় জনাব মো: হিপজুর আলম মুন্সী (বিপি-৭৪০২০৭২৬০২), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), গাইবান্ধা জেলা, (রাজশাহী জেলার গোদাগাড়ী মডেল থানার সাবেক অফিসার ইনচার্জ)-এর আপিল আবেদন না-মঞ্জুরপূর্বক পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা কর্তৃক ০৫-১১-২০২৫ তারিখে ৪৪.০১.০০০০.০১১.২৬.১০.১৮৯৪ নং আদেশমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) (ক) বিধি মোতাবেক তাঁর উপর আরোপিত '১ (এক) বছরের জন্য নিম্নবেতন গ্রেড অবনমিতকরণ' সূচক দণ্ডাদেশ বহাল রাখা হলো।

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩/০৪ মে ২০২৬

**নং ৪৪.০০.০০০০.০০০.২৩৪.২৭.০০৫১.২৫.১৮১**—যেহেতু, জনাব মোঃ কফিল উদ্দিন (বিপি-৬৯০৫১০৮১৮৭), অতিরিক্ত ডিআইজি (চলতি দায়িত্বে), শিল্পাঞ্চল পুলিশ, ঢাকা ও সাবেক অতিরিক্ত ডিআইজি (চলতি দায়িত্বে), নৌ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা হিসেবে কর্মরত থাকাকালে 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে তিনি কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং তাঁর ইচ্ছার পরিপ্রেক্ষিতে গত ২৯-০৪-২০২৬ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

০২। যেহেতু, শুনানিকালে আনীত অভিযোগ, লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দালিলিক প্রমাণাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ পর্যাপ্ত তথ্য-উপাত্ত দ্বারা সমর্থিত নয়;

০৩। সেহেতু, জনাব মোঃ কফিল উদ্দিন (বিপি-৬৯০৫১০৮১৮৭), অতিরিক্ত ডিআইজি (চলতি দায়িত্বে), শিল্পাঞ্চল পুলিশ, ঢাকা ও সাবেক অতিরিক্ত ডিআইজি (চলতি দায়িত্বে), নৌ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য এবং প্রাসঙ্গিক অন্যান্য দলিলপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-০২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩/০৫ মে ২০২৬

**নং ৪৪.০০.০০০০.০০০.২৩৫.৯৯.০০০৭.২৫.১৮২**— যেহেতু, জনাব কে এম তারিকুল ইসলাম (বিপি-৭৫০২০০৬১৯৮), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), এন্টি টেররিজম ইউনিট, ঢাকা (বরগুনা জেলার সদর থানার সাবেক অফিসার ইনচার্জ)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালা ৪(২) (খ) বিধি মোতাবেক তাঁকে "০১ (এক) বৎসরের জন্য স্থায়ীভাবে বেতন-বৃদ্ধি স্থগিতকরণ" সূচক লঘুদণ্ড প্রদান করা হয়। তিনি আরোপিত দণ্ডাদেশ মওকুফের নিমিত্ত আপিল দায়ের করেন; এবং

০২। যেহেতু, আপিলকারীর আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপক্ষের দফাওয়ারী জবাব এবং প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় তাঁর ওপর আরোপিত দণ্ড নির্ধারিত পদ্ধতি অনুসারে হয়েছে, অভিযোগের উপর প্রাপ্ত তথ্যাদি পর্যাপ্ত এবং আরোপিত দণ্ড যথার্থ ও ন্যায়ানুগ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

০৩। সেহেতু, সার্বিক পর্যালোচনায় জনাব কে এম তারিকুল ইসলাম (বিপি-৭৫০২০০৬১৯৮), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), এন্টি টেররিজম ইউনিট, ঢাকা (বরগুনা জেলার সদর থানার সাবেক অফিসার ইনচার্জ)-এর আপিল আবেদন না-মঞ্জুরপূর্বক পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ কর্তৃক ২৪-০৬-২০২৫ তারিখে ৪৪.০১.০৪০০.০১২.২৭.২১.২০২২-২৬১০ নং আদেশমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি মোতাবেক তাঁর উপর আরোপিত "০১ (এক) বৎসরের জন্য স্থায়ীভাবে বেতন-বৃদ্ধি স্থগিতকরণ" সূচক দণ্ডাদেশ বহাল রাখা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১৫৯.২৫.১৮৩**— যেহেতু, জনাব মিমতানুর রহমান, পিপিএম (বিপি-৮০১৩১৫৯৩৪১), অতিরিক্ত পুলিশ সুপার, এসবি, ঢাকা; তিনি গত ১০-০৬-২০২৫ তারিখ রাত ১০.০০ টা হতে ১১-০৬-২০২৫ তারিখ সকাল ৭.০০ টা পর্যন্ত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ইমিগ্রেশন "গ" পালায় অফিসার ইনচার্জ হিসেবে ডিউটিরত থাকা অবস্থায় TK-713 ফ্লাইটের ৩০ (ত্রিশ) জন যাত্রী ইস্তাম্বুল হয়ে মিশরগমনের উদ্দেশ্যে চেক-ইন করে। অতঃপর যাত্রীরা ইমিগ্রেশন টার্মিনাল ১, ২ ও ৩ এর প্রতিটিতে ১০ (দশ) জন করে ইমিগ্রেশন সম্পন্নের জন্য হাজির হয়। যাত্রীরা আলেকজান্দ্রিয়ার বোর্ডিং পাস প্রদর্শন না করে শুধু পাসপোর্ট, তুরুস্কের ভিজিট ভিসা (ই-ভিসা) ও ইস্তাম্বুলের বোর্ডিং পাস দেখিয়ে তুরস্কের ভিসিট ভিসাধারী যাত্রী হিসেবে ইমিগ্রেশন ডেস্কে আসে। সংশ্লিষ্ট ইমিগ্রেশন ডেস্ক অফিসারগণের সন্দেহের উদ্রেক হলে তাঁরা বিষয়টি যাচাই ও মতামতের জন্য যাত্রীদের প্রসিকিউশন শাখায় প্রেরণ করে। প্রসিকিউশন শাখার এসআই জনাব রাহিয়াতুল জান্নাত ই-ভিসা যাচাইয়ের জন্য যাত্রীদের কাছে ই-মেইল ও কোড নম্বর না পাওয়ায় অন-লাইনে ভিসার সঠিকতা যাচাই করতে না পেরে প্রসিকিউশন ইনচার্জের মতামত চান। প্রসিকিউশন ইনচার্জ মতামত না দিয়ে নির্দেশনার জন্য এসআই-কে তাঁর (অফিসার ইনচার্জ) নিকট প্রেরণ করেন। উক্ত এসআই তাঁর (অফিসার ইনচার্জ) অফিস কক্ষে প্রবেশ করে তুরুস্কের ভিজিট ভিসা (B1) পাওয়ার পূর্বশর্ত হিসেবে ইউএস, ইউকে অথবা সেনজেন ভিসা থাকার প্রয়োজনীয়তার কথা বললেও তিনি তা আমলে না নিয়ে একটি বোর্ডিং পাসের উপর ইমিগ্রেশন সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন এবং তাঁর (অফিসার ইনচার্জ) নির্দেশে অবশিষ্ট বোর্ডিং পাসের উপর উল্লিখিত এসআই ও প্রসিকিউশন শাখার অন্য ৩ (তিন) জন এসআই 'ok from prosecution' লিখে সব যাত্রীদের ইমিগ্রেশন ডেস্কে প্রেরণ করেন। অতঃপর, তিনি (অফিস ইনচার্জ) বেতার যন্ত্রের মাধ্যমে ৩ (তিন) জন ইমিগ্রেশন টার্মিনাল ইনচার্জকে দ্রুত ইমিগ্রেশন সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। এভাবে তাঁর নির্দেশনায় ৩০ (ত্রিশ) জন যাত্রীর সবাই ইমিগ্রেশন সম্পন্ন করে উল্লিখিত ফ্লাইটযোগে ইস্তাম্বুল গমন করে। পরবর্তীতে, ইস্তাম্বুল এয়ারপোর্ট ইমিগ্রেশন কর্তৃপক্ষ তাঁদরকে Fake Visa জনিত কারণে Inadmissible হওয়ায় গত ১৩-০৬-২০২৫ তারিখে TK-712 ফ্লাইটযোগে বাংলাদেশে ফেরত পাঠায়; এবং

০২। যেহেতু, তাঁর একক নির্দেশনায় যথাযথ নিয়ম অনুসরণ না করে তুরস্কের ভিজিট ভিসাধারী ৩০ (ত্রিশ) জন যাত্রীর ইমিগ্রেশন সম্পন্ন হয়। তাঁর এহেন কার্যকলাপে এসবি ইমিগ্রেশনের সক্ষমতা ও পেশাদারিত্ব প্রশ্নের সম্মুখিন হওয়াসহ দেশ বিদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট এর ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে। অধিকন্তু, ভিসা জাল বলে প্রতীয়মান হওয়া সত্ত্বেও যাত্রীদের ইমিগ্রেশন সম্পন্ন করতে অধীনস্তদের নির্দেশনা দিয়ে তিনি অকর্মকর্তাসুলভ ও বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি আচরণ প্রদর্শন করেছেন; এবং

০৩। যেহেতু, উপর্যুক্ত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে ০৭-১০-২০২৫ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নং ১৫৯/২৫) রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৬-১০-২০২৫ তারিখে অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ২৯-০৪-২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

০৫। যেহেতু, শুনানিঅন্তে অভিযুক্ত ও রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগনামার জবাব, অভিযোগের গুরুত্ব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তকে লঘুদণ্ড আরোপ করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

০৬। সেহেতু, জনাব মিমতানুর রহমান, পিপিএম (বিপি-৮০১৩১৫৯৩৪১), অতিরিক্ত পুলিশ সুপার, এসবি, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২) (খ) বিধি মোতাবেক তাকে **"০২ (দুই) বছরের জন্য ০১ (এক)টি বেতন বৃদ্ধি স্থগিত"** সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০০৭.২৬-১৮৪**—যেহেতু, জনাব মাহমুদুল হাসান (বিপি-৮৩১৩১৫৯৩৫৪), অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় সংযুক্ত; তিনি মৌলভীবাজার জেলার অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে কর্মকালীন গত ১৮-০১-২০২৩ তারিখ মৌলভীবাজার জেলার সদর কোর্ট মালখানা পরিদর্শন করেন। কিন্তু উক্ত পরিদর্শনের বিষয়টি তাঁর মাসিক ভ্রমণ বিবরণীতে অন্তর্ভুক্ত করেননি। তিনি মালখানায় উপস্থিত হয়ে মামলার আলামত থেকে সুকৌশলে ১৩ পিস ইয়াবা পরিবর্তন করেন। পরবর্তী দিন অর্থাৎ ১৯-০১-২০২৩ তারিখে একটি খাকি খামে অর্ধগলিত ময়লাযুক্ত ৬-৭ পিস ইয়াবা পরিবর্তনের জন্য তাঁর দেহরক্ষী কনস্টেবল জনাব আশরাফুল ইসলাম-কে মালখানায় কর্তব্যরত কনস্টেবল জনাব সমীরণ দাসের নিকট প্রেরণ করেন। কনস্টেবল জনাব সমীরণ দাস ইয়াবা পরিবর্তন করতে অস্বীকৃতি জানান; এবং

২। যেহেতু, উপর্যুক্ত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে গত ০৫-০২-২০২৬ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' -এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নং ০৭/২৬) রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৫-০২-২০২৬ তারিখে অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ২৯-০৪-২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি অনষ্ঠিত হয়; এবং

৪। সেহেতু, শুনানিঅন্তে অভিযুক্ত ও রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগনামার জবাব, অভিযোগের গুরুত্ব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তকে লঘুদন্ড আরোপ করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়; এবং

৫। সেহেতু, জনাব মাহমুদুল হাসান (বিপি-৮৩১৩১৫৯৩৫৪), অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় সংযুক্ত-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) মোতাবেক তাঁকে "০১ (এক) বছরের জন্য একটি বেতনবৃদ্ধি স্থগিত" সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩/০৬ মে ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০৮৭.২৩.১৮৬**—যেহেতু, জনাব মোঃ কায়সার রিজভী কোরায়েশী, পিপিএম (বিপি-৮০১৩১৫৯৪৫৫), অতিরিক্ত পুলিশ সুপার, ১২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা; তিনি অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা, এয়ারপোর্ট জোন-এ টিম ইনচার্জ হিসেবে কর্মকালীন তাঁর বিরুদ্ধে নিম্নবর্ণিত অভিযোগসমূহ পাওয়া যায়:

(ক) বিমানবন্দর থানার মামলা নং ১৬(১০)২০২০, ধারা-১৭০/৩৯২ পেনাল কোড মামলাটি উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা উত্তরা বিভাগ) স্মারক নং-(গোঃবিঃউঃ) (অধিঃ-২০২০)/১২২(৯)/১, তারিখ ০৫-১১-২০২০ মূলে অধিগ্রহণপূর্বক তদন্তের জন্য গোয়েন্দা উত্তরা বিভাগের এয়ারপোর্ট জোনাল টিমে কর্মরত এসআই (নিরস্ত্র) জনাব মো: মাসুদুল ইসলামকে তদন্তকারী কর্মকর্তা এবং তাঁকে তদন্ত তদারকি কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হয়। তিনি মামলাটি তদন্তকালে তাঁর নেতৃত্বে ১৯-১১-২০২০ তারিখে মাদারীপুর ও শরীয়তপুর হতে জনাব মো: সেলিম মোল্লা, জনাব মো: রিপন মোড়ল, জনাব গোলাম মাওলা, জনাব মো: আমির হোসেন তালুকদারগণ'কে এবং ২৬-১১-২০২০ তারিখে কর্ণফুলী গার্ডেন সিটি, কাকরাইল হতে সন্দিগ্ধ আসামী জনাব মো: মোশাররফ হোসেনকে বিমানবন্দর (ডিএমপি) থানার মামলা নং-১৬(১০)২০২০ এর সন্দিগ্ধ আসামী হিসেবে গ্রেফতার করলেও তাঁদেরকে যথাসময়ে বিজ্ঞ আদালতে সোপর্দ না করে সায়েদাবাদস্থ পৌর ফিলিং স্টেশন হতে ২৮-১১-২০২০ তারিখ রাতে গ্রেফতার দেখিয়ে মিথ্যা ও বানোয়াট কাগজপত্র সৃজন করে ২৯-১১-২০২০ তারিখে বিজ্ঞ আদালতে সোপর্দ করেন। গ্রেফতারকৃতদের অবৈধভাবে প্রায় ১০ দিন ডিবি অফিসে আটক রাখেন এবং এই সময়ে তাঁদেরকে ছেড়ে দেয়ার আশ্বাস দিয়ে তাঁদের আত্মীয়-স্বজনের মাধ্যমে বিভিন্ন অংকের টাকা গ্রহণ করেন;

(খ) তাঁর নেতৃত্বে গত ২৬-১১-২০২০ তারিখে সিআইডি'র এসআই (নিরস্ত্র) জনাব মো: আকসাদুজ্জামানকে মালিবাগ হতে আটক করে ডিবি অফিসে নিয়ে যাওয়া হয়। অতঃপর, তাঁর বাসায় অভিযান চালিয়ে ১,২৮,০০,০০০/-(এক কোটি আটাশ লক্ষ) টাকা উদ্ধার করে নিয়ে আসেন। এ টাকা উদ্ধার সংক্রান্তে তাঁর সাথে অভিযোগকারী জনাব মো: আকসাদুজ্জামান এবং তাঁর স্ত্রী জনাব তাহমিনা ইয়াসমিনদ্বয়ের মোবাইলে কথোপকথন এবং সিআইডি ফরেনসিক বিশারদের মতামতে প্রমাণিত হয় যে, তাঁর নেতৃত্বে অভিযান চালিয়ে ১,২৮,০০,০০০/-(এক কোটি আটাশ লক্ষ) টাকা উদ্ধার এবং পরবর্তীতে তাহমিনা ইয়াসমিনের নিকট হতে আরো ১৪,০০,০০০ (চৌদ্দ লক্ষ) টাকা গ্রহণ করে জব্দ তালিকা মূলে জব্দ না করে তিনি, মামলা তদন্তকারী কর্মকর্তা এবং সঙ্গীয় অফিসার ও ফোর্স পরস্পর যোগসাজসে তা আত্মসাৎ করেন;

(গ) তাঁর নেতৃত্বে গত ১৯-১১-২০২০ তারিখে জনাব গোলাম মাওলা (৪২), পিতা-মৃত রশিদ মোড়ল, গ্রাম-দ্বিতীয় খন্ড মোড়লকান্দি, থানা-শিবচর, জেলা-মাদারীপুরসহ তিন জনের মধ্যে ০২(দুই) জনকে ২৯-১১-২০২০ তারিখে বিজ্ঞ আদালতে সোপর্দ করলেও জনাব গোলাম মাওলা-এর চাচাতো ভাইয়ের নিকট হতে এএসআই (নিঃ) জনাব প্রকাশ এর মাধ্যমে ডিবি অফিসে বসে ৮, ০০,০০০/-(আট লক্ষ) টাকা গ্রহণ করে তাঁকে (জনাব গোলাম মাওলা) ডিবি অফিস হতে ছেড়ে দেন;

(ঘ) তাঁকে ডিএমপি, ঢাকার স্মারক নং-(গোঃ বিঃ উঃ) (অধিঃ-২০২০)/১২২ (৯)/১, তারিখ: ০৫-১১-২০২০ মূলে মামলাটির তদন্ত তদারকি কর্মকর্তা নিয়োগ করা সত্ত্বেও ০১-০২-২০২২ তারিখ পর্যন্ত তিনি মামলার ঘটনায় ব্যবহৃত সিআইডি'র ভাড়াকৃত মাইক্রোবাস যথাসময়ে জব্দ করেননি, গ্রেফতারকৃত সন্দিগ্ধ আসামীদেরকে মামলার বাদী কর্তৃক টিআই প্যারেড করাননি ও মামলার তদন্ত তদারকি প্রতিবেদন দাখিল করেননি;

(ঙ) তাঁর নেতৃত্বে বর্ণিত মামলা ১৬(১০) ২০২০ এর তদন্তকারী কর্মকর্তা ২১-১১-২০২০ তারিখে সায়েদাবাদ পৌর ফিলিং স্টেশন এর সামনে থেকে কথিত গ্রেফতারকৃত ব্যক্তিদের নিকট হতে উদ্ধারকৃত বিদেশী ও দেশি টাকা জব্দ করেন। কিন্তু জব্দ তালিকায় যথোপযুক্ত সাক্ষী ফিলিং স্টেশনের কর্মচারীদের সাক্ষী না করে দুজন পথচারীকে সাক্ষী হিসেবে দেখান এবং একজন ঘটনা সম্পর্কে কিছুই জানেনা বলে প্রাথমিক অনুসন্ধানে প্রতীয়মান হয়;

(চ) আলোচ্য অভিযোগ অনুসন্ধানকালে ডিবি বিমানবন্দর থানার মামলা নং-১৬ (১০) ২০২০ এর তদন্তকারী কর্মকর্তা এসআই (নিরস্ত্র) জনাব মোঃ মাসুদুল ইসলাম এবং তদন্তকাজে সহায়তাকারী পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব মোঃ জাহিদুর রহমান (বিপি-৬৯৯৫০৪৬৫৯৭), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব মোঃ মিজানুর রহমান (বিপি-৭৭০১০৩৩৩০০), এএসআই(নিরস্ত্র)/২৬৭১৩ জনাব প্রকাশ চন্দ্র গুহ (বিপি-৮৬০৬১০৭১৩৬), এএসআই (নিরস্ত্র)/৪৭৯৬ জনাব মোঃ জুলহাস মিয়া (বিপি-৮১০১০২৪৩৯৭), কনস্টেবল/ ২৬১১৭ জনাব এসএম মাসুদ রানা (বিপি-৭৭৯৭০৫৫৯১৩), মামলা তদন্তকালে বর্ণিত সকল অবৈধ কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকলেও তাঁর নির্দেশে উদ্দেশ্যেমূলকভাবে পরস্পর যোগসাজসে তাঁর সকল অভিযোগের বিষয় অস্বীকার করে; এবং

২। যেহেতু, উপর্যুক্ত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে "অদক্ষতা", "অসদাচরণ" ও দুর্নীতি পরায়ণতা"-এর দায়ে তাঁর বিরুদ্ধে গত ২৬-১১-২০২৩ তারিখে বিভাগীয় মামলা (মামলা নং ৮৭/২০২৩), রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৮-১২-২০২৩ তারিখে অভিযোগনামার জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন। সে পরিপ্রেক্ষিতে, গত ০২-১০-২০২৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

৪। যেহেতু, শুনানিঅন্তে, অভিযোগসমূহ তদন্তের জন্য গত ১১-১১-২০২৪ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ১০-০২-২০২৬ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়; এবং

৫। যেহেতু, গত ১১-০৩-২০২৬ তারিখে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয় এবং গত ১২-০৪-২০২৬ তারিখে তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন; এবং

৬। যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, প্রমাণিত অভিযোগের গুরুত্ব এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় তাঁকে "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" সূচক লঘুদণ্ড আরোপ করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

৭। সেহেতু, জনাব মো: কায়সার রিজভী কোরায়েশী, পিপিএম (বিপি-৮০১৩১৫৯৪৫৫), অতিরিক্ত পুলিশ সুপার, ১২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে "অদক্ষতা", "অসদাচরণ" ও দুর্নীতি পরায়ণতা"-এর দায়ে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(ঘ) মোতাবেক **"০১ (এক) বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ"** সূচক লঘুদণ্ড প্রদান করা হলো। অর্থাৎ ৬ষ্ঠ গ্রেডে তাঁর মূলবেতন ৪৭,৬০০/-টাকা থেকে অবনমিত করে ৪৫,৩৩০/- টাকায় নির্ধারণ করা হলো। বেতনগ্রেডের নিম্নতর ধাপে অবনমিত থাকার সময়কাল বার্ষিক বেতনবৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না। (এক) বছর পর তিনি ৪৭,৬০০/ টাকা মূলবেতনে প্রত্যাবর্তন এবং তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## প্রজ্ঞাপন

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩/০৬ মে ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.০৪.০০১৬.২৬-১৮৮**—যেহেতু, জনাব মনজুর আলম (বিপি-৭১৯৭০০৯৮৮০), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), ডিএসবি, ফেনী (সাবেক অফিসার ইনচার্জ, কাউখালী থানা, রাঙ্গামাটি পার্বত্য জেলা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ"-এর অভিযোগে একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তাঁকে গত ০২-১১-২০২৫ তারিখে "০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত" সূচক লঘুদণ্ড প্রদান করা হয়। তিনি আরোপিত দণ্ডাদেশ মওকুফের নিমিত্ত আপিল দায়ের করেন; এবং

২। যেহেতু, আপিল আবেদন, আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপক্ষের দফাওয়ারী জবাব, প্রাথমিক অনুসন্ধান প্রতিবেদন এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় তাঁর আপিল আবেদন মঞ্জুরপূর্বক দণ্ডাদেশ বাতিলের সিদ্ধান্ত গ্রহণ সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

৩। সেহেতু, জনাব মনজুর আলম (বিপি-৭১৯৭০০৯৮৮০), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) , ডিএসবি, ফেনী (সাবেক অফিসার ইনচার্জ, কাউখালী থানা, রাঙ্গামাটি পার্বত্য জেলা)-এর আপিল আবেদন মঞ্জুর করে বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী কর্তৃক গত ০২-১১-২০২৫ তারিখে বিপিএ/প্রশাসন/৬৬২৩ নং আদেশমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (খ) মোতাবেক তাঁর উপর আরোপিত "০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত" সূচক লঘুদণ্ড বাতিলপূর্বক আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩/০৫ মে ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০১৯.০১.০০৫৮.২৫.৪৩৫**—যেহেতু, জনাব মোঃ ইব্রাহিম, প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-১ শাখায় সংযুক্ত,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, (সাময়িক বরখাস্ত) এ মন্ত্রণালয় কর্তৃক কক্সবাজারে আয়োজিত "স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রমের সাথে সম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণের ৩য় ব্যাচ (১৪-১৮ ডিসেম্বর, ২০২৫) এ অংশগ্রহণের জন্য অনুমোদিত সময়ের পূর্বে কক্সবাজার গমন করে সরকারি নির্দেশনার ব্যত্যয় করেন;

২। যেহেতু, তিনি কক্সবাজার থেকে সেন্টমার্টিন যাওয়ার উদ্দেশ্যে কস্তুরাঘাট, সদর, কক্সবাজার এলাকায় চিৎকার, চেঁচামেচি ও বিশৃঙ্খলা সৃষ্টি করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর এর সাথে অসৌজন্যমূলক আচরণ করেন;

৩। যেহেতু, তার এহেন অসৌজন্যমূলক আচরণের বিষয়টি বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারিত হওয়ায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়;

৪। যেহেতু, জনাব মোঃ ইব্রাহিম, প্রশাসনিক কর্মকর্তার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত এবং শাস্তিযোগ্য অপরাধ; এবং

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ ইব্রাহিম, প্রশাসনিক কর্মকর্তা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানী পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি লঘুদণ্ড পাওয়ার যোগ্য;

৬। সেহেতু, জনাব মোঃ ইব্রাহিম, প্রশাসনিক কর্মকর্তা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ"এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে একই বিধিমালায় বিধি ৪(২)(ক) বিধি মোতাবেক তাকে "তিরস্কার" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো এবং একইসাথে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ১৪-১২-২০২৫ তারিখের ৪৪.০০.০০০০.০০০.০১৯.০১.০০৫৮.২৫.১০২৭ নম্বর প্রজ্ঞাপনমূলে প্রদত্ত তার 'সাময়িক বরখাস্ত' আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আবদুল্যাহ আল জাবেদ**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩/০৫ মে ২০২৬

নং **৪৬.০০.০০০০.০০০.০৬৩.১১.০০০৩.২৫-৩৩৮**—স্থানীয় সরকার বিভাগের ০২ জুন ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০০২.২৪-৩৯৬ নং প্রজ্ঞাপনমূলে চট্টগ্রাম জেলার হাটহাজারী পৌরসভায় প্রশাসক হিসেবে নিয়োগকৃত উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর পরিবর্তে নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত হাটহাজারী পৌরসভার প্রশাসক হিসেবে নিয়োগ করা হলো:

| জেলার নাম | পৌরসভার নাম | নিয়োগকৃত প্রশাসক-এর নাম ও পদবি |
|---|---|---|
| চট্টগ্রাম | হাটহাজারী পৌরসভা | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা: হাটহাজারী, জেলা-চট্টগ্রাম |

২। নিয়োগকৃত প্রশাসক স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২৬ এর ধারা ৪২ (ক) এর উপধারা (৩) মোতাবেক পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

৩। নিয়োগকৃত প্রশাসক নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে এ দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকালীন তিনি বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। এছাড়া, অন্য কোনো আর্থিক ও অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন না।

৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: সগীর হোসেন**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩/০৫ মে ২০২৬

নং **২৫.০০.০০০০.১২২.২৭.০৩০.১৯-১৯২**—যেহেতু, জনাব মোঃ তারেক, সহকারী প্রকৌশলী/স্ব পদে স্ব-বেতনে উপ বিভাগীয় প্রকৌশলী (ই/এম)(সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত ই/এম উপ-বিভাগ, পাবনায় কর্মরত থাকা অবস্থায় রূপপুর গ্রীণসিটি প্রকল্পের নির্মাণাধীন ২০ ও ১৬ তলা ভবনের আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় এবং ভবনে উঠানোর কাজে অস্বাভাবিক ব্যয়ের বিষয়টি বিভিন্ন মিডিয়াতে প্রকাশিত হয়। উক্ত অস্বাভাবিক ব্যয়ের বিষয়ে গণপূর্ত অধিদপ্তর হতে ১৯-০৫-২০১৯ তারিখের ২৫.৩৬.০০০০.২১৩.২৭.৫১৩.২০১৯-৪২৭ নম্বর স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয়। পরবর্তীতে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকেও ১৯-০৫-২০১৯ তারিখের ২৫.০০.০০০.০৩১.১৪.০৮৯.১৭-২১০ নম্বর স্মারকে আরও একটি তদন্ত কমিটি গঠন করা হয়। গণপূর্ত অধিদপ্তর এবং এ মন্ত্রণালয় হতে গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় এবং ভবনে উঠানোর কাজে অস্বাভাবিক ব্যয়ের বিষয়টি প্রমাণিত হয়েছে। তদন্ত কমিটির সুপারিশ মোতাবেক তিনি অস্বাভাবিক ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত এর সাথে সরাসরি জড়িত থেকে দায়িত্ব পালনে অবহেলা করেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে ১৭/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রুজু করে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় 'অভিযোগনামা' ও 'অভিযোগ বিবরণী' প্রেরণ করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৭-১০-২০১৯ তারিখে প্রথম কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন। তিনি দুদকের মামলায় পুলিশ হেফাজতে ছিলেন। পরবর্তীতে, গত ২০-০৮-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অতঃপর, বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: সারোয়ার আলমকে সভাপতি, যুগ্মসচিব জনাব মোঃ মনিরুজ্জামান মিঞাকে সদস্য এবং সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ আশিক উন নবী তালুকদারকে সদস্য-সচিব করে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ তারেক সহকারী প্রকৌশলী/স্ব পদে স্ব-বেতনে উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম)(সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত ই/এম উপ-বিভাগ, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) মোতাবেক আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়;

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন মোতাবেক অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলার ধারাবাহিকতা অনুসরণ করে অভিযুক্ত কর্মকর্তাকে ১৪ জানুয়ারি ২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ১৯-০১-২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন। প্রাপ্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (খ) অনুযায়ী তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭ এর উপবিধি-১০ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মোঃ তারেক, সহকারী প্রকৌশলী/স্ব পদে স্ব-বেতন উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম)(সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত ই/এম উপ-বিভাগ, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে। সুতরাং, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (খ) অনুযায়ী তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড দেয়া প্রয়োজন;

৪। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্র এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (খ) অনুযায়ী জনাব মোঃ তারেককে, 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং যেহেতু নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ তারেককে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড আরোপের প্রস্তাবে সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

০৫। সেহেতু, জনাব মোঃ তারেক, সহকারী প্রকৌশলী/স্ব পদে স্ব-বেতনে উপ বিভাগীয় প্রকৌশলী (ই/এম)(সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত ই/এম উপ-বিভাগ, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদান করা হলো;

৬। অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ তারেক, সহকারী প্রকৌশলী/স্ব পদে স্ব-বেতনে উপ বিভাগীয়-প্রকৌশলী (ই/এম) (সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত ই/এম উপ-বিভাগ, পাবনাকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৪ জুলাই ২০১৯ তারিখের ২৫.০০.০০০০.০১৩.২৭.০০৪.১৯-১১৪ নং প্রজ্ঞাপনমূলে প্রদত্ত সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তিনি বিধি-মোতাবেক যাবতীয় আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.০০.০০০০.১২২.২৭.০১৮.১৯-১৯৩**—যেহেতু, জনাব মোঃ আহমেদ সাজ্জাদ খান, নির্বাহী প্রকৌশলী (ই/এম)(চলতি দায়িত্ব)(সাময়িক বরখাস্তকৃত), গণপূর্ত ই/এম প্ল্যানিং বিভাগ-৩, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), পাবনা গণপূর্ত ই/এম উপ-বিভাগ পাবনায় কর্মরত থাকা অবস্থায় রুপপুর গ্রীণসিটি প্রকল্পের নির্মাণাধীন ২০ ও ১৬ তলা ভবনের আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় এবং ভবনে উঠানোর কাজে অস্বাভাবিক ব্যয়ের বিষয়টি বিভিন্ন মিডিয়াতে প্রকাশিত হয়। উক্ত অস্বাভাবিক ব্যয়ের বিষয়ে গণপূর্ত অধিদপ্তর হতে ১৯-০৫-২০১৯ তারিখের ২৫.৩৬.০০০০.২১৩.২৭.৫১৩. ২০১৯-৪২৭ নম্বর স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয়। পরবর্তীতে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকেও ১৯-০৫-২০১৯ তারিখের ২৫.০০.০০০.০৩১.১৪. ০৮৯.১৭-২১০ নম্বর স্মারকে আরও একটি তদন্ত কমিটি গঠন করা হয়। গণপূর্ত অধিদপ্তর এবং এ মন্ত্রণালয় হতে গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় এবং ভবনে উঠানোর কাজে অস্বাভাবিক ব্যয়ের বিষয়টি প্রমাণিত হয়েছে। তদন্ত কমিটির সুপারিশ মোতাবেক তিনি অস্বাভাবিক ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত কাজের সাথে সরাসরি জড়িত থেকে দায়িত্ব পালনে অবহেলা করেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে ০৬/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রুজু করে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় 'অভিযোগনামা' ও 'অভিযোগ বিবরণী' প্রেরণ করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৭-১০-২০১৯ তারিখে প্রথম কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব দাখিল করেন। তিনি দুদকের মামলায় পুলিশ হেফাজতে ছিলেন। পরবর্তীতে, গত ২৬-০৮-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অত:পর, বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: সারোয়ার আলমকে সভাপতি, যুগ্মসচিব জনাব মোঃ মনিরুজ্জামান মিঞাকে সদস্য এবং সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ আশিক উন নবী তালুকদারকে সদস্য-সচিব করে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আহমেদ সাজ্জাদ খান, নির্বাহী প্রকৌশলী (ই/এম)(চলতি দায়িত্ব) (সাময়িক বরখাস্তকৃত), গণপূর্ত ই/এম প্ল্যানিং বিভাগ-৩, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), পাবনা গণপূর্ত ই/এম উপ-বিভাগ, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) মোতাবেক আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়;

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন মোতাবেক অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলার ধারাবাহিকতা অনুসরণ করে অভিযুক্ত কর্মকর্তাকে ১৪ জানুয়ারি ২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ২৫-০১-২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন। প্রাপ্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (খ) অনুযায়ী তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭ এর উপবিধি-১০ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মোঃ আহমেদ সাজ্জাদ খান, নির্বাহী প্রকৌশলী (ই/এম) (চলতি দায়িত্ব) (সাময়িক বরখাস্তকৃত), গণপূর্ত ই/এম প্ল্যানিং বিভাগ-৩,গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), পাবনা গর্ণপূর্ত ই/এম উপ-বিভাগ, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে। সুতরাং, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (খ) অনুযায়ী তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড দেয়া প্রয়োজন;

৪। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্র এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (খ) অনুযায়ী জনাব মোঃ আহমেদ সাজ্জাদ খানকে, 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং যেহেতু নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আহমেদ সাজ্জাদ খানকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড আরোপের প্রস্তাবে সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

০৫। সেহেতু, জনাব মোঃ আহমেদ সাজ্জাদ খান, নির্বাহী প্রকৌশলী (ই/এম) (চলতি দায়িত্ব) (সাময়িক বরখাস্তকৃত), গণপূত ই/এম প্ল্যানিং বিভাগ-৩, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), পাবনা গণপূর্ত ই/এম উপ-বিভাগ, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদান করা হলো;

৬। অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আহমেদ সাজ্জাদ খান, নির্বাহী প্রকৌশলী (ই/এম) (চলতি দায়িত্ব) (সাময়িক বরখাস্তকৃত), গণপূত ই/এম প্ল্যানিং বিভাগ-৩, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম), পাবনা গণপূর্ত ই/এম উপ-বিভাগ, পাবনাকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৪ জুলাই ২০১৯ তারিখের ২৫.০০.০০০০.০১৩.২৭.০০৪.১৯-১১৩ নং প্রজ্ঞাপনমূলে প্রদত্ত সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তিনি বিধি-মোতাবেক যাবতীয় আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.০০.০০০০.১২২.২৭.০২৫.১৯-১৯৪**—যেহেতু, জনাব মোঃ রওশন আলী, সহকারী প্রকৌশলী (সিভিল)(সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনায় কর্মরত থাকা অবস্থায় রুপপুর গ্রীণসিটি প্রকল্পের নির্মাণাধীন ২০ ও ১৬ তলা ভবনের আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় এবং ভবনে উঠানোর কাজে অস্বাভাবিক ব্যয়ের বিষয়টি বিভিন্ন মিডিয়াতে প্রকাশিত হয়। উক্ত অস্বাভাবিক ব্যয়ের বিষয়ে গণপূর্ত অধিদপ্তর হতে ১৯-০৫-২০১৯ তারিখের ২৫.৩৬.০০০০.২১৩.২৭.৫১৩. ২০১৯-৪২৭ নম্বর স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয়। পরবর্তীতে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকেও ১৯-০৫-২০১৯ তারিখের ২৫.০০.০০০.০৩১.১৪. ০৮৯.১৭-২১০ নম্বর স্মারকে আরও একটি তদন্ত কমিটি গঠন করা হয়। গণপূর্ত অধিদপ্তর এবং এ মন্ত্রণালয় হতে গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় এবং ভবনে উঠানোর কাজে অস্বাভাবিক ব্যয়ের বিষয়টি প্রমাণিত হয়েছে। তদন্ত কমিটির সুপারিশ মোতাবেক তিনি অস্বাভাবিক ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত এর সাথে সরাসরি জড়িত থেকে দায়িত্ব পালনে অবহেলো করেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে ১৮/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রুজু করে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় 'অভিযোগনামা' ও 'অভিযোগ বিবরণী' প্রেরণ করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২০-১০-২০১৯ তারিখে প্রথম কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব দাখিল করেন। তিনি দুদকের মামলায় পুলিশ হেফাজতে ছিলেন। পরবর্তীতে, গত ১৩-০৮-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অত:পর, বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: সারোয়ার আলমকে সভাপতি, যুগ্মসচিব সচিব জনাব মোঃ মনিরুজ্জামান মিঞাকে সদস্য সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ আশিক উন নবী তালুকদারকে সদস্য-সচিব করে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ রওশন আলী, সহকারী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত উপ-বিভাগ-১, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) মোতাবেক আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়;

